গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

বিষয়ঃ পৌরসভা পর্যায়ে e-GP বাস্তবায়নের রূপরেখা ও অন্যান্য IT Infrastructure সংক্রান্ত বিষয়ে করণীয় সম্পর্কে সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জ্যোতির্ময় দত্ত, অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৫/০৪/২০১৬ খ্রিঃ, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত করা হ'ল। |

৫. সভাপতি শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, সকল পৌরসভায় e-GP -এর আওতায় আনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। জনাব মোঃ একরামুল হক, সহকারী পরিচালক (নগর ব্যবস্থাপনা ইউনিট), এলজিইডি -কে বক্তব্য প্রদানের জন্য সভাপতি আহবান জানান। তিনি জানান যে, দেশের ৩২৫ টি পৌরসভার মধ্য হতে এলজিইডি কর্তৃক বাস্ত বায়নাধীন MGSP, নবিদেপ, কোস্টাল টাউন, ভোলা পৌরসভা উন্নয়ন প্রকল্প এবং UGIIP-3 প্রকল্পের মাধ্যমে ইতোমধ্যে ৬৬ টি পৌরসভার e-GP টেন্ডারিং এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২৫৯ টি পৌরসভা হতে ৩ জন করে (নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/কার্যসহকারী/কম্পিউটার অপারেটর) মোট ৭৭৭ জন কে ২০১৫-১৬ অর্থ বছরে ২৬.৫৬ লক্ষ টাকা, ২০১৬-১৭ অর্থ বছরে ৫৫.৭৭ লক্ষ টাকা এবং ২০১৭-১৮ অর্থ বছরে ৪৭.৫৮ লক্ষ টাকা ব্যয়ে ৩৭ টি ব্যাচে পর্যায়ক্রমে e-GP টেন্ডারিং এর ০৫(পাঁচ) দিনের অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে বাজেট প্রেরণ করা হয়েছে। সভায় জনাব মোঃ মাহবুব হাসান, নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি জানান যে, e-GP যেহেতু অনলাইনে হাতে কলমে Demonstration তাই সামগ্রীক পদ্ধতিটি নির্ধারিত হওয়ার পর অর্থ্যাৎ পৌরসভার IT Infrastructure তৈরী করেই সংশ্লিস্ট সকলকেই হাতে কলমে প্রশিক্ষণ প্রদান যথার্থ হবে, তাই পর্যায়ক্রমে সকল পৌরসভায় IT Infrastructure তৈরী, সিপিটিইউতে রেজিস্টেশন সম্পন্ন করে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

পৌরসভাসমূহকে সিপিটিইতে রেজিস্ট্রেশনের বিষয়ে সভার সভাপতি সিপিটিইউ এর উপ-পরিচালক ড. মোহাম্মদ আবু বকর সিদ্দিক.-কে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি জানান যে, সিপিটিইউতে রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ফরম রয়েছে। নির্ধারিত ফরম পুরণ করার পর অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে। অনলাইনে রেজিষ্ট্রেশন সম্পন্ন হওয়ার ৭দিনের মধ্যে ৩-৫ জন কর্মকর্তা-কর্মচারীকে সিপিটিইউ হতে ৫ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। এতে স্থানীয় সরকার বিভাগের আর্থিক সংশ্লেষ থাকবে না। এ বাবদ সিপিটিইউ এর প্রকল্প হতে প্রশিক্ষণের ব্যয়ভার বহন করা হবে মর্মে সভায় জানানো হয়। ফলে এলজিইডি হতে পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের e-GP টেন্ডারিং এর উপর প্রশিক্ষণের প্রয়োজন নেই।

পৌরসভা ভিত্তিক একটি নিজস্ব Domain যেখানে e-GP -তে ক্রয় কার্য পরিচালনার জন্য Org.admin, PE admin, PE, HOPE, মূল্যায়ন কমিটির সদস্য ও উম্মুক্তকরণ কমিটির সকল সদস্যের জন্য পৃথক পৃথক ই-মেইল এ্যাকাউন্ট খোলা প্রয়োজন মর্মে জনাব মোঃ খলিলুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা ইউনিট), এলজিইডি সভায় জানান। ই-মেইল এ্যাকাউন্ট খোলার বিষয়ে জনাব মোহাম্মদ সাইফুল আলম খান, সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সভায় জানিয়েছেন।

এ বিভাগের সহকারী প্রোগ্রামার জনাব নিমাই কবিরাজ সভায় জানান যে, পৌরসভাসমূহের দাপ্তরিক কর্মকান্ডে গতিশীলতা আনয়ন ও নাগরিক সুবিধা/সেবাসমূহ স্বল্প সময়ে পৌঁছানো নিশ্চিতকরণের লক্ষ্যে পৌরসভাসমূহকে আধুনিক তথ্য প্রযুক্তির আওতায় আনয়নের জন্য এমআইএস ও ওয়েব পোর্টাল চালু করা হয় (http://www.paurainfo.gov.bd) । দেশের সকল পৌরসভার যাবতীয় তথ্য ডাটাবেজে সংরক্ষণের লক্ষ্যে পৌরসভা এমআইএস ও ওয়েব পোর্টাল সফটওয়্যার প্রস্তুতের জন্য স্থানীয় সরকার বিভাগের অর্থায়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে দায়িত্ব দেয়া হয়। সফটওয়্যার প্রস্তুত করে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের জাতীয় ডাটা সেন্টারে হোস্ট করা হয়েছে, যা বর্তমানে চলমান আছে। উক্ত সফটওয়্যারে প্রতি অর্থ বছরের তথ্য হালনাগাদের জন্য এলজিইডি'র ১০টি অঞ্চলে রিফ্রেসার কোর্স আয়োজন করা হয়। ৩৪টি ব্যাচে গত ১১/০৪/২০১৫ হতে ১৩/০৭/২০১৫ তারিখ পর্যন্ত পৌর সচিব এবং সংশ্লিষ্ট পৌরসভার ইতোপূর্বে প্রশিক্ষণ প্রাপ্ত ২ জনসহ মোট ৩ জনকে নিয়ে ৩১০ টি পৌরসভার মোট ৯৩০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। যেহেতু এমআইএস ও ওয়েব পোর্টাল এবং পৌরসভা তথ্য সেবা কেন্দ্র তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয় সেহেতু তা নির্দিষ্ট সময় পর পর আপগ্রেডেশন করা প্রয়োজন। পৌরসভাসমূহের যাবতীয় কার্যক্রম আরও স্বচ্ছতা ও জবাবদিহিতার সঙ্গে পরিচালনা করার নিমিত্ত প্রস্তুতকৃত এমআইএস, ওয়েব পোর্টালে কিছু কিছু মডিউল যেমন অনলাইন গ্রহণ ও নিষ্পত্তি ব্যবস্থা, ডেটাবেজ এবং পৌরসভা রিসোর্স প্ল্যানিং সিস্টেম প্রস্তুত করে সংযুক্ত করা প্রয়োজন। এ প্রেক্ষিতে তিনি স্থানীয় সরকার বিভাগের কম্পিউটার সেলের মাধ্যমে এমআইএস ও ওয়েব পোর্টাল পরিচালনা করার জন্য অনুরোধ জানিয়েছেন।

**সিদ্ধান্তঃ**

**সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

(ক) সকল পৌরসভাকে e-GP টেন্ডারিং এর আওতায় আনার লক্ষ্যে আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সিপিটিইউতে নির্ধারিত ফরমে রেজিষ্টেশনের জন্য দেশের সকল পৌরসভা নির্ধারিত ফরমে আবেদন করবে;

(খ) সিপিটিইউতে আবেদনের বিষয়ে কোন কারিগরী সহায়তার প্রয়োজন হলে সংশ্লিষ্ট জেলা/উপজেলার এলজিইডি'র প্রকৌশলীগণ কারিগরী সহযোগিতা প্রদান করবেন;

(গ) পৌরসভা ভিত্তিক একটি নিজস্ব Domain যেখানে e-GP -তে ক্রয় কার্য পরিচালনার জন্য Org.admin, PE admin, PE, HOPE, মূল্যায়ন কমিটির সদস্য ও উন্মুক্তকরণ কমিটির সকল সদস্যের জন্য পৃথক পৃথক ই-মেইল এ্যাকাউন্ট খোলার বিষয়ে এ বিভাগের সহকারী প্রোগ্রামার সকল পৌরসভাকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

(ঘ) পৌরসভা এমআইএস ও ওয়েব পোর্টাল আপগ্রেডেশন ও রক্ষণাবেক্ষণের জন্য এ বিভাগের কম্পিউটার সেলের সহকারী প্রোগ্রামার দায়িত্ব পালন করবেন এবং তিনি অনলাইন গ্রহণ ও নিষ্পত্তি ব্যবস্থা, ডেটাবেজ এবং পৌরসভা রিসোর্স প্লানিং সিস্টেম প্রস্তুত করবেন। তথ্য হালনাগাদকরণের জন্য তিনি সকল পৌরসভা এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন। পৌরসভার কার্যক্রম আরো স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে এমআইএস ও ওয়েব পোর্টালের আরো কিছু সফটওয়্যার মডিউল তৈরী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

(ঙ) পৌরসভা এমআইএস ও ওয়েব পোর্টাল এর যাবতীয় সফটওয়্যার, ট্রেনিং মডিউল এবং এ্যাডমিন প্যানেলের কার্যাবলী এ বিভাগের কম্পিউটার সেলের সহকারী প্রোগ্রামারকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে বুঝিয়ে দিবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে সুচিন্তিত মতামত দেয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬/০৪/২০১৬
(জ্যোতির্ময় দত্ত)
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ।

নং-৪৬.০৬৪.০৩৩.৮২.০০.০৪৬.২০১১(অংশ-১)/ ৪১২/১(৮)　　তারিখঃ ২৬/০৪/২০১৫খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

০২। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), ব্লক-১২, শেরেবাংলা নগর, ঢাকা।

০৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ই-১৪/এক্স, বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

০৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

০৫। উপ-সচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।

০৬। জনাব নিমাই কবিরাজ, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

০৭। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

০৮। যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

২৬/০৪/২০১৬
(এ. কে. এম. আনিছুজ্জামান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২